



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।

এইচএসসি রেজিস্ট্রেশন ও পরীক্ষা ফরম পূরণ সংক্রান্ত জটিলতা নিরসন বিষয়ে বিজ্ঞপ্তি

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০১৭-১৮ শিক্ষাবর্ষের (২০১৯ সালের এইচএসসি পরীক্ষার্থী) যে সকল শিক্ষার্থী বিষয় পরিবর্তনের জন্য অধ্যক্ষের সুপারিশ সহকারে আবেদন করেছে তাদের রেজিস্ট্রেশন কার্ডে বিষয় পরিবর্তন না হলে মূল রেজিস্ট্রেশন কার্ড ও বিষয় পরিবর্তনের চিঠি সহ আগামী ১২/০১/২০১৯ ইং তারিখের মধ্যে কলেজ শাখায় জমা করে সংশোধিত রেজিস্ট্রেশন কার্ড ২০/০১/২০১৯ তারিখের পর সংগ্রহ করার জন্য অনুরোধ করা হল। এছাড়া রেজিস্ট্রেশন কার্ড ও ফরম পূরণ সংক্রান্ত নিম্নোক্ত জরুরী নির্দেশনাসমূহ অবশ্যই অনুসরণ করার জন্য অনুরোধ করা হল।

১। যে সকল শিক্ষার্থীদের (২০১৯ সালের পরীক্ষার্থী হিসেবে নিয়মিত প্রাইভেট, রেজি: নবায়নসহ) eff এ নাম না থাকার কারণে বোর্ডে আবেদন করেছে তাদের তথ্য যাচাই বাছাই করে আগামী ০২/০১/২০১৯ তারিখের মধ্যে eff এ অন্তর্ভুক্ত করা হবে।


২। দ্বৈত রেজিস্ট্রেশন কারণে যে সকল শিক্ষার্থীর (২০১৫ ও ২০১৬ সালের SSC পাশকৃত) eff তালিকায় নাম নেই তাদের পূর্বের ভর্তি বাতিলের আদেশ ও ট্রান্সক্রীপ্টের ফটোকপি বোর্ডে ৩১/১২/২০১৮ তারিখের মধ্যে জমা দিতে হবে।

৩। ২০১৭-১৮ শিক্ষাবর্ষে যে সকল শিক্ষার্থী অন্য বোর্ড থেকে অত্র বোর্ডে কলেজ পরিবর্তন করেছে তাদের পূর্বের বোর্ডের রেজি: কার্ড পূর্বের কলেজ থেকে সংগ্রহ করে ০১/০১/২০১৯ইং তারিখের মধ্যে অত্রবোর্ডে জমা দিতে হবে। পরবর্তীতে অত্রবোর্ড থেকে নতুন রেজি: কার্ড প্রদান করা হবে। ইতিমধ্যে যে সকল শিক্ষার্থী অন্য বোর্ডের রেজি:কার্ড অত্রবোর্ডে জমা প্রদান করেছে eff তালিকায় তাদের নাম ০২/০১/২০১৯ তারিখের মধ্যে অন্তর্ভুক্ত করা হবে।

৪। অত্রবোর্ড হতে ২০১৭-১৮ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী কলেজ পরিবর্তন করেছে তাদেরকে পূর্বের কলেজ হতে স্ব-স্ব রেজি:কার্ড সংগ্রহ করে রেজি:কার্ডে কোন অসংগতি বা ভুল আছে কিনা তা যাচাই করে দেখতে হবে। অসংগতি বা ভুল থাকলে প্রমানকসহ কলেজের মাধ্যমে বোর্ডে যোগাযোগ করতে হবে।

বর্ণিত অবস্থায় সংশ্লিষ্ট শিক্ষার্থীদের বোর্ড নির্ধারিত ১০০/- টাকা বিলম্ব ফিসহ আগামী ০৫/০১/২০১৯ ইং তারিখের মধ্যে ২০১৯ সালের এইচএসসি পরীক্ষার ফরম পূরণের কাজ কলেজের মাধ্যমে সম্পন্ন করতে হবে। ০২/০১/২০১৯ তারিখের মধ্যে eff তালিকায় নাম অন্তর্ভুক্ত না হলে বোর্ডের কলেজ শাখায় জরুরী ভিত্তিতে যোগাযোগ করতে হবে।

বি: দ্র: : ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ম্যানুয়াল রেজিস্ট্রেশন ০৫/০১/২০১৯ ইং তারিখ থেকে শুরু হয়ে ১০/০১/২০১৯ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।


(প্রফেসর মো: জাহেদুল হক)
কলেজ পরিদর্শক